



বাগেরহাটের পূর্ব সায়েড়া গ্রামে করোনা প্রতিরোধ ও SDGs বাস্তবায়নে গ্রাম উন্নয়ন দলের বিবিধ উদ্যোগ

একদল প্রশিক্ষিত সেচ্ছাব্রতি মানুষ একত্রিত হয়ে VDT গঠন করেছে। যারা এলাকার মানুষের জীবনমানের উন্নয়নে বিবিধ কার্যক্রম বাস্তবায়ন করে আসছে। যার সভাপতি লাভলী মন্ডল নারী নেত্রী মহিলা মেম্বর। এই VDT এর সদস্য সংখ্যা ২৫ জন।

দেশে করোনা প্রাদুর্ভাব ঘটলে করোনা প্রতিরোধে পূর্ব সায়েড়া VDT স্থানীয় জন সাধারণ, ইউনিয়ন পরিষদ, অন্যান্য সরকারী বেসরকারী সংস্থার সাথে যুক্ত হয়ে নানা কার্যক্রম বাস্তবায়ন করে চলেছে। করোনা প্রতিরোধে তারা এ পর্যন্ত ৫০০টি লিফলেট, ৩৬০টি মাস্ক, ৪৩০টি সাবান ২৮৪টি খাদ্য সাহায্য, ৬টি পানির পট, ৪০টি হ্যান্ড ওয়াশ বিতরণ করেছে। গ্রামের ৩০০০ (তিন হাজার) লোককে সামাজিক দূরত্ব মেনে চলতে, ৮ দোকানে ৪০টি কোট একে নিরাপদ দূরত্ব বজায় রেখে কেনা বেচায় উদ্বুদ্ধ করেছে। ফলে গ্রামটি এখনও করোনা মুক্ত রয়েছে।

এই করোনা প্রতিরোধের কার্যক্রম বাস্তবায়নের পাশাপাশি পূর্ব সায়েড়া VDT তৃণমূল পর্যায়ে SDGs বাস্তবায়ন করে চলেছে। সব ধরনের দারিদ্রতা দূর করতে তারা GGS গঠন করে নানা আয়মুখি কার্যক্রমে গ্রামের হত দরিদ্র নারীদেরকে উৎসাহিত করছে। সামাজিক নিরাপত্তা বেটনীর আওতায় ২৯টি VGD, ১১০টি VGF, ২৬টি বিধবা, ১২৫টি বয়স্ক ভাতা, ১৫ জন মাতৃকালিন ভাতা, ১১৬ জনকে রেশন কার্ড পেতে সহযোগিতা প্রদান করেছে।

সব ধরনের ক্ষুধা দূর করতে পুষ্টিকর খাবার গ্রহণে জন সাধারণকে উৎসাহিত করা হয়েছে। ২৯টি পরিবার বাড়ীর আড়িনায় সব ধরনের সবজি চাষ করেছে। ৬টি নতুনসহ মোট ১১টি পোকি খামার গড়ে উঠেছে যা থেকে প্রতিদিন ৪০০০ (চার হাজার) ডিম উৎপন্ন হয় ও ১৯ জনে গাভী পালন করছে যা থেকে প্রতিদিন ৮০ কেজি দুধ উৎপন্ন হচ্ছে।

এই করোনা কালিন সময়ে কমিউনিটি ক্লিনিকের কার্যক্রমে VDT দল বিশেষ সহযোগিতা প্রদান করে চলেছে। VDT এর উদ্যোগে গড়ে প্রতিদিন ৩০/৪০ জন কমিউনিটি ক্লিনিকের সেবা নিচ্ছে। এছাড়া পরিষ্কার পরিচ্ছন্ন থাকতে নিয়মিত সাবান দিয়ে হাত ধুতে, মাস্ক ব্যবহার করতে ১৬টি উঠান বৈঠকের মাধ্যমে মানুষকে সচেতন করা হয়েছে।

করোনা কালিন ছুটির সময়ে ছেলেমেয়েরা বাড়ীতে ঠিকমত পড়াশুনা করছে কিনা তা তদারকী করা হচ্ছে।

এই করোনা কালিন সময়ে পূর্ব সায়েড়া VDT ৫টি নারী নির্যাতনের ঘটনা প্রতিরোধ করেছে। বাল্য বিবাহ প্রতিরোধে চেয়ারম্যান কর্তৃক সতর্কতা মূলক ১০৬টি চিঠি মেয়েদের অভিভাবকের কাছে পৌঁছে দেওয়া হয়েছে।

জলাবদ্ধতা দূর করণে পূর্ব সায়েড়া VDT বিশেষ উদ্যোগ গ্রহণ করেছে। তাদের আবেদনের প্রেক্ষাপটে ভূটিয়ামারী খাল সরকার পুনঃ খনন করে দিয়েছেন।

বৃক্ষ রোপণের উপর পূর্ব সায়েড়া VDT জন সাধারণকে উদ্বুদ্ধ করে ৭০০টি ফলজ ও বনজ গাছের চারা রোপনের ব্যবস্থা করেছে।

সামাজিক শান্তি ও ন্যায্য বিচার প্রতিষ্ঠায় পূর্ব সায়েড়া VDT ১১টি শালিস ব্যবস্থার মাধ্যমে বিরোধ নিষ্পত্তি করেছেন। তাছাড়া ২৫০০ টাকার সরকারী ভাতা যাতে প্রকৃত ক্ষতিগ্রস্ত ব্যক্তি পেতে পারে তার জন্য ৩১ জনের একটি তালিকা সর্ব সম্মতিতে সরকারী দপ্তরে পৌঁছে দেওয়া হয়েছে।

কবে এদেশ থেকে করোনা অবসান ঘটবে কেউ তা বলতে পারেনা। সেই আশায় বসে না থেকে পূর্ব সায়েড়া VDT দল তৃণমূল পর্যায়ে SDGs বাস্তবায়নে কার্যক্রম পূর্ণ উদ্যমে শুরু করেছে। এই প্রতিকূলতার মাঝে তারা SDGs গ্রাম গড়তে সফল হবে এটাই তাদের প্রত্যাশা।



GGS - পূর্ব সায়েড়া



VDT ফলোআপ মিটিং - পূর্ব সায়েড়া



উঠান বৈঠক- পূর্ব সায়েড়া



লিফলেট বিতরণ ঘটাস্থল



পূর্ব সায়েড়া মাস্ক বিতরণ

উপদেষ্টামন্ডলি: মাসুদুর রহমান রঞ্জু, রবিউল ইসলাম, সত্যজিৎ দেবনাথ

সম্পাদক: মনিরুজ্জামান

সহযোগীতায়: দি হাস্কার প্রজেক্ট-বাংলাদেশ এর খুলনা অঞ্চলের কর্মীবৃন্দ

পরিতোষ টাওয়ার, ১০ শের-এ-বাংলা রোড, খুলনা।